



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েব সাইট: www.berc.org.bd

গণ-বিজ্ঞপ্তি

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২১.১৭৪৩

তারিখঃ ২৫ জ্যৈষ্ঠ ১৪২৮
০৮ জুন ২০২১

বিষয়ঃ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক ১২ এপ্রিল ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১ এর মাধ্যমে এলপিজি'র নির্ধারিত/পুনঃনির্ধারিত মূল্যহার (ট্যারিফ) পরিবর্তনের আবেদন/প্রস্তাবের বিষয়ে আগ্রহী পক্ষগণকে শুনানি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রীট পিটিশন নম্বর-১৩৬৮৩/২০১৬ এর পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের ২৫ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের আদেশ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২ (খ) এবং ৩৪(৪) এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণকে শুনানি প্রদানপূর্বক ১২ এপ্রিল ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১ এর মাধ্যমে কমিশন কর্তৃক ভোক্তাপর্যায়ে সরকারি/বেসরকারি এলপিজি'র মূল্যহার নির্ধারণ/পুনঃনির্ধারণ করা হয়। সৌদি আরামকো কর্তৃক ঘোষিত মাসভিত্তিক Saudi Contract Price (Saudi CP)'র সাথে সামঞ্জস্য রেখে উক্ত আদেশের অনুল্লেখ ৮.৬ অনুযায়ী কমিশন কর্তৃক গঠিত কমিটি'র সুপারিশের ভিত্তিতে কমিশন বেসরকারি এলপিজি'র এবং অটোগ্যাসের মূল্য সমন্বয় করে আসছে।

০২। বর্ণিত আদেশের (বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১) মাধ্যমে নির্ধারিত/পুনঃনির্ধারিত বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ, ডিস্ট্রিবিউটর চার্জ এবং রিটেইলার চার্জসহ ভোক্তাপর্যায়ে এলপিজি'র মূল্যহার (ট্যারিফ) পরিবর্তনের জন্য বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) অনুযায়ী ১৮ টি আবেদন/প্রস্তাব কমিশনে দাখিল করেছে। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) অনুযায়ী উক্ত আবেদন/প্রস্তাবসমূহের বিষয়ে নিম্নবর্ণিত স্থান এবং সময় অনুযায়ী আগ্রহী পক্ষগণের শুনানি অনুষ্ঠিত হবে:

| শুনানির তারিখ ও সময় | শুনানির বিষয় | শুনানির স্থান |
|---|--|--|
| ০৭-০৮ জুলাই ২০২১ সকাল ১১:০০ টা - বিকাল ০৫:০০ টা (০৭ জুলাই ২০২১ তারিখে শুনানি সমাপ্ত না হলে প্রয়োজনে ০৮ জুলাই ২০২১ তারিখে শুনানি অব্যাহত রাখা হবে।) | বেসরকারি এলপিজি'র মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ, ডিস্ট্রিবিউটর চার্জ, রিটেইলার চার্জ ইত্যাদি বিষয়ে শুনানি। | শহীদ এ.কে.এম. শামসুল হক খান মেমোরিয়াল (অডিটোরিয়াম) হল বাংলাদেশ ইন্সটিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন ৬৩ নিউ ইন্সটান, ঢাকা ১২১৫ |

০৩। আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা-কে ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে শুনানি-পূর্ব লিখিত বক্তব্য/মতামত কমিশনে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল। অধিকন্তু, শুনানিতে অংশগ্রহণের নিমিত্ত ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে কমিশনে নাম তালিকাভুক্তির জন্যও অনুরোধ করা হ'ল।


০৪। তালিকাভুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা উল্লিখিত তারিখে অনুষ্ঠেয় শুনানিতে অংশগ্রহণপূর্বক বেসরকারি এলপিজি'র মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ, ডিস্ট্রিবিউটর চার্জ, রিটেইলার চার্জ ইত্যাদি বিষয়ে বিশ্লেষণধর্মী তথ্য-উপাত্ত ও সংশ্লিষ্ট দলিলাদি উপস্থাপন করতে পারবেন।

০৫। এলপিজি'র মূল্যহার (ট্যারিফ) পরিবর্তন সংক্রান্ত লাইসেন্সীসমূহের আবেদন/প্রস্তাব অফিস চলাকালীন সময়ে কমিশন কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। এছাড়াও কমিশনের ওয়েব সাইট www.berc.org.bd থেকে ডাউনলোড করা যাবে।

০৬। অনিবার্য কারণে সরাসরি শুনানি গ্রহণ সম্ভব না হলে একই তারিখ এবং একই সময়ে বিকল্প ব্যবস্থায় শুনানি অনুষ্ঠিত হবে। বিকল্প ব্যবস্থা গৃহীত হলে যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।

০৭। নির্ধারিত শুনানিতে অংশগ্রহণ বা উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

কমিশনের নির্দেশক্রমে


রুবিনা ফেরদোসী
সচিব, বিইআরসি।